নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড
ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018 Certified
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)
মানবসম্পদ ও প্রশাসন বিভাগ
www.nwpgcl.gov.bd

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ইউটিসি বিল্ডিং (লেভেল ৩ ও ৪), ৮ পান্থপথ, কাওরানবাজার, ঢাকা -১২১৫, ফোনঃ +০২-৪৮১২২১১৭

----

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সামাদ<br>নির্বাহী পরিচালক (প্রকৌশল) |
| সভার তারিখ | ১৭/০৮/২৩ |
| সভার সময় | ১১.৩০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ, কর্পোরেট অফিস ও জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | |

**অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণের নিমিত্ত সভার কার্যবিবরণী**

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর কর্পোরেট অফিসে গত ১৭/০৮/২৩ তারিখে কোম্পানির অংশীজনের অংশগ্রহণে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর কর্পোরেট অফিস, বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্প দপ্তরসমূহ থেকে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়াও, সভায় কোম্পানির অংশীজন (stakeholder) হিসেবে বহিঃসংস্থা হতে নিম্নোক্ত ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেনঃ

| | |
|---|---|
| ১ | জনাব শৈলজা নন্দ বসাক, মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ |
| ২ | জনাব শোভন সরকার, উপজেলা নির্বাহী অফিসার, মোল্লারহাট উপজেলা, বাগেরহাট |
| ৩ | জনাব মনজুরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এনএলডিসি), পিজিসিবি |
| ৪ | জনাব মোঃ আবু রায়হান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পিজিসিবি |
| ৫ | জনাব স্বপন কুমার বিশ্বাস, উপ-মহাব্যবস্থাপক (অর্থ), সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ |
| ৬ | জনাব মোতালেব হোসেন, উপ-মহাব্যবস্থাপক (এসওডি), সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ |
| ৭ | জনাব মোঃ রিদওয়ান আহমেদ রাফি, সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ জেলা প্রশাসন |
| ৮ | জনাব নাসিম আহমেদ, ব্যবস্থাপক (অপারেশন), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ |
| ৯ | জনাব অসিত পোদ্দার, নির্বাহী প্রকৌশলী, নেসকো |
| ১০ | জনাব দীপংকর দাস, নির্বাহী প্রকৌশলী (এনএলডিসি), পিজিসিবি |
| ১১ | আলহাজ্ব আক্তারুজ্জামান মিঠু, উপজেলা চেয়ারম্যান, ভেড়ামারা উপজেলা |
| ১২ | জনাব মোঃ মারুফ ইসলাম, প্রজেক্ট ম্যানেজার, মরগেন ইন্টারন্যাশনাল |
| ১৩ | জনাব তৌফিক হাসান, সহকারী প্রকৌশলী, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ |
| ১৪ | জনাব মোঃ একরাম হোসেন, সেলস অফিসার, যমুনা অয়েল কোম্পানি লিঃ |
| ১৫ | জনাব রাফিজা খানম নীরা, ওয়ার্ড কাউন্সিলর, খালিশপুর, খুলনা |
| ১৬ | জনাব মোসাঃ মনিজা বেগম, ওয়ার্ড মেম্বার, সয়দাবাদ ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ |
| ১৭ | জনাব মোঃ মুকিদুল ইসলাম, স্বত্বাধিকারী, এবিএম কন্সট্রাকশন এন্ড ইঞ্জিনিয়ারিং, বাগেরহাট |
| ১৮ | জনাব মোঃ আব্দুস সালাম, স্বত্বাধিকারী, সুরাইয়া এন্টারপ্রাইজ |
| ১৯ | Mr Qiu Guo Quan, Project Manager, CMC |

আলোচনার শুরুতে, সভাপতি কোম্পানির অংশীজন হিসেবে বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ, বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার, প্রশাসন ও উন্নয়ন অংশীদারের প্রতিনিধিদের সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর, অত্র কোম্পানির অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনার বাস্তবায়নের বিষয়ে বিশদ আলোচনা হয়।

এপর্যায়ে, সভাপতি উল্লেখ করেন, অত্র কোম্পানির অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। তবে, ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক প্রশিক্ষণ দ্রুত আয়োজনের বিষয়ে তিনি পরামর্শ প্রদান করেন। এছাড়াও, সকল কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি যথাযথ প্রমাণক সংগ্রহ করা ও যথাসময়ে বিদ্যুৎ বিভাগে দাখিল করার পরামর্শ প্রদান করেন।

কোম্পানির অংশীজন হিসেবে সভায় আমন্ত্রণ জানানোর জন্য বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ, বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার, প্রশাসন ও উন্নয়ন অংশীদারের প্রতিনিধিগণ নওপাজেকো কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। এ পর্যায়ে, জনাব স্বপন কুমার বিশ্বাস, উপ-মহাব্যবস্থাপক (অর্থ), সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ- বিভিন্ন বিষয়ে খুলনা বিদ্যুৎ কেন্দ্রের সর্বাত্মক সহযোগিতার কথা উল্লেখ করেন এবং এবিষয়ে নওপাজেকো কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। তবে বিশ্বব্যাপী চলমান অর্থনৈতিক মন্দা পরিস্থিতির কারণে গ্যাস বিল প্রাপ্তির ক্ষেত্রে কিছুটা বিলম্ব হচ্ছে মর্মে তিনি উল্লেখ করেন। এপ্রসঙ্গে, সভাপতি উল্লেখ করেন, বাবিউবো থেকে নওপাজেকো'র পাওনা বিলসমূহ পরিশোধ হওয়া মাত্রই সকল গ্যাস বিল পরিশোধ করা হবে এবং ইতিমধ্যে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ-এর পাওনা অর্থের কিয়দংশ পরিশোধের উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মে উল্লেখ করেন। এপ্রসঙ্গে, জনাব নাসিম আহমেদ, ব্যবস্থাপক (অপারেশন), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ- নওপাজেকো কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। অতঃপর, সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | বাস্তবায়ন লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| ১ | অংশীজন হিসেবে সভায় বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর পাশাপাশি ঠিকাদার, বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার ও প্রশাসন এবং উন্নয়ন অংশীদারের প্রতিনিধিদের আমন্ত্রণের ধারাবাহিকতা অব্যাহত রাখা। | মানবসম্পদ বিভাগ/ সকল বিদ্যুৎ কেন্দ্র | যথাসময় |
| ২ | নির্ধারিত সময়ের মধ্যেই অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করা। | মানবসম্পদ বিভাগ | ৩০ সেপ্টেম্বর, ২০২৩ |

২৭-০৮-২০২৩
মোঃ আব্দুস সামাদ
নির্বাহী পরিচালক (প্রকৌশল)
৪৮১২১২৪৯
ed.engg@nwpgcl.gov.bd

তারিখ: ১২ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৭.২৮.০০০০.৫০১.০৬.০০১.২০.৯৮২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। দপ্তর প্রধান (কর্পোরেট অফিস) (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড।;
২। প্লান্ট ম্যানেজার (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড। এবং
৩। প্রকল্প পরিচালক (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড।।

২৭-০৮-২০২৩
তাসদিদুল আনোয়ার
সহকারী ব্যবস্থাপক (পিএমএস)